বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
BANGLADESH WATER DEVELOPMENT BOARD

পরিচালকের কার্যালয়
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর
রহমান চেম্বার (১০ম তলা)
১২-১৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৯৫৮৮৪৫৮, ৯৫৫০৯৩৭ (ফ্যাক্স)।
ই-মেইলঃ dir.staff.bwdb@gmail.com

www.bwdb.gov.bd

Office of the Director
Directorate of Staff Development
Rahman Chamber (9th Floor),
12-13 Motijheel C/A, Dhaka-1000.
Phone : 9588458, 9550937 (Fax).
E-mail : dir.staff.bwdb@gmail.com

স্মারক নং-১৫৫৩-পাউবো(কউ)/আরই-২/২০১৮

তারিখঃ ৩০ অগ্রহায়ণ ১৪২৬বঃ
১৫-১২-২০১৯ খ্রীঃ

নিয়োগ আদেশ

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের রাজস্বখাতভুক্ত **সহকারী পরিচালক/শাখা কর্মকর্তা** পদে নিম্নলিখিত প্রার্থীগণকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে জাতীয় বেতন স্কেল-২০১৫ এর ৯ম গ্রেডে সাময়িকভাবে নিয়োগ প্রদান করা হলো। নিয়োগপ্রাপ্তদের নামের পার্শ্বে বর্ণিত দপ্তরে যোগদানের নির্দেশ প্রদান করা হলো।

ক্রঃ নং	নাম ও জন্ম তারিখ	পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	ছবি	যে দপ্তরে কর্ম নিয়োগ করা হলো
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১।	মোস্তফা আল আমীন জন্ম তারিখঃ ০১/০৬/১৯৯০	মাহাবুব আলম পারভেজ রেহানা পারভেজ	গ্রামঃ খারহাট জলকর পাড়া ডাকঘরঃ কাশিয়ানী উপজেলাঃ কাশিয়ানী জেলাঃ গোপালগঞ্জ		কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (পরবর্তী পদায়নের জন্য)।
২।	মোঃ অলি উল্লাহ জন্ম তারিখঃ ০১/০৫/১৯৮৯	মোঃ মর্তুজ আলী জহুরা আক্তার	গ্রামঃ কুনিয়া ডাকঘরঃ কুমড়ী বাজার উপজেলাঃ নেত্রকোনা সদর জেলাঃ নেত্রকোনা		কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (পরবর্তী পদায়নের জন্য)।
৩।	মোঃ কামরুজ্জামান জন্ম তারিখঃ ০৩/০৪/১৯৯১	বি. এম. মতিয়ার রহমান পারভিন আক্তার	গ্রামঃ দারিয়াপুর ডাকঘরঃ দারিয়াপুর উপজেলাঃ নড়াইল সদর জেলাঃ নড়াইল		কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (পরবর্তী পদায়নের জন্য)।
৪।	মোঃ আমিরুল ইসলাম জন্ম তারিখঃ ১২/০৬/১৯৮৯	মোঃ আশরাফ আলী ফকির মমতাজ বেগম	গ্রামঃ আলীপুর ডাকঘরঃ চুমুরদী উপজেলাঃ মুকসুদপুর জেলাঃ গোপালগঞ্জ		কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (পরবর্তী পদায়নের জন্য)।
৫।	মোঃ রিটন তালুকদার জন্ম তারিখঃ ১৬/১০/১৯৮৮	মোঃ রহিজ উদ্দিন তালুকদার বিউটি আক্তার	গ্রামঃ দেওপাড়া ডাকঘরঃ দেওপাড়া উপজেলাঃ ঘাটাইল জেলাঃ টাঙ্গাইল		কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (পরবর্তী পদায়নের জন্য)।
৬।	মোঃ রবিউল ইসলাম জন্ম তারিখঃ ০৮/১০/১৯৯১	এ.কে. এম নুরুল ইসলাম সামসুন নাহার	গ্রামঃ সাদীপুর ডাকঘরঃ বায়তুল আমান উপজেলাঃ ফরিদপুর সদর জেলাঃ ফরিদপুর		কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (পরবর্তী পদায়নের জন্য)।

০২। **নিয়োগের শর্তাবলীঃ**

(ক) অত্র দপ্তর স্মারক নং-১২৭৮-পাউবো (কউ)/আর-২৩(১৩তম খন্ড); তারিখঃ ০১-১২-২০১৬ মোতাবেক প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে এ নিয়োগাদেশ জারী করা হলো।

(খ) নিয়োগ প্রাপ্তগণের চাকুরী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চাকুরী প্রবিধানমালা-২০১৩ এবং সময় সময় বাংলাদেশ সরকার ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

(গ) নিয়োগপ্রাপ্তগণ জাতীয় বেতন স্কেল-২০১৫ এর ৯ম গ্রেডে টাকা ২২০০০-৫৩০৬০ এবং বিধি মোতাবেক সরকার প্রদত্ত অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

(ঘ) চাকুরীতে যোগদানের সময় নিয়োগ প্রাপ্তগণকে বোর্ডের নির্ধারিত ফরমে স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ দাখিল করতে হবে। এছাড়াও, যে কোন জেলার সিভিল সার্জন অথবা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মেডিক্যাল অফিসার প্রদত্ত শারীরিক সুস্থতার স্বপক্ষে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। তাছাড়াও, যে কোন সরকারী হাসপাতাল হতে সংগৃহীত প্রার্থীর মাদকাসক্ততা সংক্রান্ত পরীক্ষার (ডোপ টেস্ট) রিপোর্টও যোগদানের সময় দাখিল করতে হবে। ডোপ টেষ্ট রিপোর্ট-এ মাদকাসক্ত প্রমানিত হলে তার/তাদের যোগদানপত্র গৃহীত হবে না এবং তার/তাদের নিয়োগাদেশ বাতিল বলে গন্য হবে।

(ঙ) বোর্ডের নির্ধারিত পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করতঃ যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক পাওয়া না গেলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে তার/তাদের নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

(চ) নিয়োগ প্রাপ্ত প্রত্যেকে ০১ (এক) বৎসরের জন্য শিক্ষানবীশ হিসেবে কর্মরত থাকবেন। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট ও সংশ্লিষ্ট দপ্তর প্রধান কর্তৃক সন্তোষজনক কার্য সম্পাদন প্রতিবেদন এবং প্রচলিত অন্যান্য শর্ত প্রতিপালন সাপেক্ষে শিক্ষানবীশকাল সম্পন্ন করার পর স্ব-স্ব যোগদানের তারিখ হতে চাকুরী স্থায়ীকরণের জন্য বিবেচিত হবেন। চাকুরী স্থায়ীকরণ না হওয়া পর্যন্ত বাৎসরিক বেতন বৃদ্ধি হবে না।

(ছ) নিয়োগ প্রাপ্ত প্রার্থীর নাম মেধাভিত্তিক জ্যেষ্ঠতার ক্রমিক অনুসারে প্রদত্ত হলো। নিয়োগ আদেশ জারীর তারিখ হতে ২১ (একুশ) দিনের মধ্যে চাকুরীতে যোগদান করলে মেধাভিত্তিক জ্যেষ্ঠতা বলবৎ থাকবে। উক্ত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে নিয়োগাদেশ জারীর তারিখ হতে সর্বোচ্চ ৩০(ত্রিশ) দিনের মধ্যে যোগদান করতে পারবেন। তবে সে ক্ষেত্রে যোগদানের তারিখ হতে জ্যেষ্ঠতা নির্ধারিত হবে। নিয়োগাদেশ জারীর উল্লিখিত ৩০ (ত্রিশ) দিনের মধ্যে যোগদানে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(জ) নিয়োগ প্রাপ্তগণ তাদের নামের পার্শ্বে বর্ণিত দপ্তরে যোগদান পত্র দাখিল করবেন। চাকুরীতে যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা বা অন্য কোন প্রকার আর্থিক সুবিধা প্রদান করা হবে না।

(ঝ) অন্য কোন সংস্থায় চাকুরীরত প্রার্থীর অত্র সংস্থায় যোগদানের পূর্বে কর্মরত সংস্থা হতে ছাড়পত্র গ্রহণ করা বাধ্যতামূলক। যোগদান পত্রের সাথে অবশ্যই উক্ত ছাড়পত্র দাখিল করবেন।

(ঞ) শিক্ষানবীশ সময়ে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকলে অনুপস্থিতির দিন হতে কোন প্রকার নোটিশ প্রদান ব্যতিরেকে চাকুরীচ্যূত হিসেবে গণ্য করা হবে এবং পদটি শূন্য বলে বিবেচিত হবে।

(ট) নিয়োগ প্রক্রিয়ায় বিলম্বের কারণে চাকরিতে প্রবেশের নির্ধারিত বয়সসীমার অতিক্রান্ত অতিরিক্ত বয়স সংস্থাপন বিভাগের স্মারক নং-Ed/jv-34/74-20, তারিখঃ ২১-১২-১৯৭৪ মোতাবেক প্রমার্জিত হিসেবে গণ্য হবে।

(ঠ) সহকারী পরিচালক/শাখা কর্মকর্তা নামে নিয়োগ বিজ্ঞপ্তি জারী হয়েছিল বিধায় উক্ত নামেই নিয়োগাদেশ জারী করা হলো। পরিবর্তীত জনবল সেটআপ অনুযায়ী উক্ত পদের নাম পরবর্তীতে সহকারী পরিচালক (প্রশাসন) নামকরন হবে।

(ড) মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের কন্টেম্পট পিটিশন নং-৪১২/২০১৮ এর ওপর প্রদত্ত ০৫-০৯-২০১৮ তারিখের স্থগিতাদেশ গত ২৭-০৬-২০১৯ তারিখের শুনানীতে নাকচ (Vacate) হওয়ায় উক্তরুপ ব্যবস্থা গৃহীত হলো।

০৩। বাপাউবোর মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ নিয়োগাদেশ জারী করা হলো।

(মোঃ ওয়াহিদ হোসেন)
পরিচালক
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

স্মারক নং-১৫৫৩/১(৫০)-পাউবো(কউ)/আরই-২/২০১৮

তারিখঃ ৩০ অগ্রহায়ণ ১৪২৬বঃ / ১৫-১২-২০১৯ খ্রীঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় (মাননীয় উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।(পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩১.১১.০৫৮.১৬-৬০১ তারিখঃ ১৭-০৯-২০১৯ মোতাবেক প্রদত্ত অনুমোদন অনুযায়ী গৃহীত ব্যবস্থার ধারাবাহিকতায় এবং সচিব মহোদয়ের সাথে আলোচনার প্রেক্ষিতে উক্তরুপ ব্যবস্থা গৃহীত হলো) ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান/নিয়ন্ত্রক, ...বাপাউবো, ...।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/পরিচালক/অধ্যক্ষ/সচিব, ... বাপাউবো, ...।

৩। নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক... .. .. বাপাউবো, ...।

৪। মহাপরিচালক মহোদয়ের চীফ স্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা।

৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, চীফ মনিটরিং-এর দপ্তর, বাপাউবো, ঢাকা **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) ।**

৬। উপ-পরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা, ... আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ...।

৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/অর্থ), বাপাউবো, ঢাকা।

৮। মাস্টার কপি/নথির কপি।

৯। রেজিষ্টার্ড উইথ এডি টু, জনাব .. ..।

১৫/১২/১৯

পরিচালক
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

পুলিশ প্রত্যয়নের বিবরনী

প্রথম অংশ

১। পদের নাম ঃ

২। প্রার্থীর নাম ঃ

৩। পিতার নাম ঃ

৪। মাতার নাম ঃ

৫। স্থায়ী ঠিকানা ঃ

৬। বর্তমান ঠিকানা ঃ

৭। জন্ম তারিখ ঃ

৮। জন্ম স্থান ঃ

৯। প্রার্থী বিবাহিত/অবিবাহিত ঃ

১০। টেলিফোন নং(যদি থাকে) ঃ

১১। প্রার্থী যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে লেখাপড়া করিয়াছেন উহার বিবরণ ঃ

ক্রঃ নং	বিদ্যালয়/মহা-বিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়	ভর্তির তারিখ	পরিত্যাগের তারিখ	প্রাপ্ত ডিগ্রী শ্রেণী সহ
১।				
২।				
৩।				
৪।				

১২। প্রার্থী যে সমস্ত স্থানে বিগত পাঁচ বছরে ছয় মাসের অধিক সময় অবস্থান করিয়াছেন ঃ

ক্রঃ নং	ঠিকানা	কোথায় অবস্থান করিয়াছেন	সময়কাল		মন্তব্য
			হইতে	পর্যন্ত	
১।					
২।					
৩।					
৪।					

১৩। প্রার্থী কোন অফিসে পূর্বে চাকুরী করিয়া থাকিলে উহার বিবরণ ঃ

ক্রঃ নং	অফিসের নাম ও ঠিকানা	যে পদে কর্মরত ছিলেন	সময়কাল	পরিত্যাগের কারণ
১।				
২।				

১৪। প্রার্থী কোন আদালতে দন্ডিত হইয়াছেন কিনা উহার বিস্তারিত বিবরণ ঃ

১৫। প্রার্থীর কোন নিকট আত্মীয় চাকুরীতে থাকিলে উহার বিস্তারিত বিবরণ ঃ

১৬। প্রার্থীর আত্মীয় নন এমন ২ জন দায়িত্বশীল ব্যক্তির নাম ও ঠিকানা, যাহারা প্রার্থীর চরিত্র এবং পরিচয় প্রদান করিতে পারেন।

ক্রঃ নং	নাম	ঠিকানা
১।		
২।		

১৭। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিনা? হ্যাঁ/না

হ্যাঁ হইলে-

(ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নামঃ

(খ) মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পিতা ও মাতার নাম ঃ

(গ) মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা ঃ

১৮। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা কিনা? হ্যাঁ/না

হ্যাঁ হইলে-

(ক) মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার নাম নামঃ

(খ) মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পিতা ও মাতার নামঃ

(গ) মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানাঃ

(ঘ) প্রার্থীর সহিত মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্ক ঃ

১৯। প্রার্থী প্রতিবন্ধী কিনা? হ্যাঁ/না

২০। প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী (উপজাতী) কিনা? হ্যাঁ/না

আমি নিশ্চিত যে, উপরে যে সমস্ত বর্ণনা দেওয়া হইয়াছে তাহা সম্পূর্ণ সত্য।

....

দপ্তর প্রধানের প্রতিস্বাক্ষর সীল সহ প্রার্থীর স্বাক্ষর

....

দ্বিতীয় অংশ

পুলিশ কর্তৃক পূরণ করিতে হইবে ঃ

অনুসন্ধান করিয়া দেখা গিয়াছে যে, প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যাবলী সঠিক/সঠিক নয়। আরও অনুসন্ধান করিয়া দেখা গিয়াছে যে, সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে তালিকা বহিতে কোন তথ্য উল্লিখিত নাই।

....

স্বাক্ষর ঃ

সুপারিনটেনডেন্ট অব পুলিশ